

বাপার্ডের চলমান উন্নয়ন প্রকল্প

- বাপার্ডের সম্প্রসারণ, সংস্কার ও আধুনিকায়নের জন্য একটি প্রকল্প চলমান রয়েছে;
- প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ মার্চ ২০১০ – জুন ২০২০খ্রিঃ; প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৪৪.৭৩ কোটি টাকা;
- স্থাপত্য নকশা প্রণয়নে দায়িত্ব পালন করছে স্থাপত্য অধিদপ্তর;
- অবকাঠামো নির্মাণের দায়িত্ব পালন করছে এলজিইডি;
- ক্রমপুঞ্জিত ব্যয় ১৩৪.২৬ কোটি টাকা (৪১.১০%)।

প্রকল্পের প্রধান কার্যাবলী

- প্রকল্পের আওতায় প্রায় ৩০.২৫ একর জমি অধিগ্রহণ।
- ১০ তলা (২,৪০,০০০ বর্গফুট) প্রশাসনিক ভবন ও ১০ তলা (২,৩২,৬৬০ বর্গফুট) হোস্টেল ভবন নির্মাণ।
- ৬ তলা বিশিষ্ট ২টি (অফিসার্স ও স্টাফ) কোয়ার্টার্স নির্মাণ।
- কৃষি শেড, পোল্ট্রি শেড ও মৎস্য হ্যাচারী নির্মাণ।
- অধিগ্রহণকৃত জমির মাটি ভরাট, সীমানা প্রাচীর, ও অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ।
- বিদ্যমান ভবনসমূহের সংস্কার ইত্যাদি।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

প্রতিষ্ঠানটির সার্বিক উন্নয়নের লক্ষ্যে বাপার্ড সম্প্রসারণ, সংস্কার ও আধুনিকায়নের নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় ১০তলা বিশিষ্ট দুটি ভবন (প্রশাসনিক এবং হোস্টেল), ৬তলা বিশিষ্ট ২টি (অফিসার্স ও স্টাফ) কোয়ার্টার্স নির্মাণের কাজ চলমান। এ ছাড়াও একটি কৃষি শেড, একটি পোল্ট্রি শেড, একটি মৎস্য হ্যাচারী শেড এবং অন্যান্য স্থাপনা নির্মাণ কাজ চলমান। এসব ভবন নির্মিত হলে প্রশিক্ষণ ও গবেষণার ক্ষেত্র তৈরি হবে। আশা করা যায় অচিরেই এ একাডেমি একটি আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ, গবেষণা এবং দারিদ্র্য বিমোচনের উৎকর্ষ কেন্দ্রে পরিণত হবে।

বিগত ১০ বছরের অর্জিত সাফল্য নিম্নরূপঃ

দারিদ্র্য বিমোচন ও আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ও গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য 'বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)' প্রতিষ্ঠিত। নতুন নতুন কৌশল উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে টেকসই উন্নয়নে ভূমিকা পালনও এর দায়িত্ব। এ প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে 'সম্প্রসারণ, সংস্কার ও আধুনিকায়ন' কার্যক্রম সম্পাদনের জন্য একটি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৪৪.৭৩ কোটি টাকা। মেয়াদকাল মার্চ/২০১০ - জুন/২০২০। প্রকল্পের আওতায় ৩৭.১৪ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। এছাড়া ৩.০০ একর জমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ, বিদ্যমান ভবনসমূহের সংস্কার ও আধুনিকায়ন করার কাজ প্রক্রিয়াধীন রয়েছে। ১০তলা প্রশাসনিক ভবন, ১০তলা হোস্টেল ভবন ও ০৬ তলা বিশিষ্ট একটি অফিসার্স কোয়ার্টার্স ও একটি স্টাফ কোয়ার্টার্সের নির্মাণ কাজ নির্মাণ কাজ যথাক্রমে ৯৯%, ৮৯% ও ৫২% সম্পন্ন হয়েছে। উন্নত কৃষি প্রযুক্তি, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ, কম্পিউটার, সেলাই, মোবাইল সার্ভিসিং, ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়ারিং ইত্যাদি বিষয়ে বিগত ১০ বছরে মোট ২১,১৫০ জন সুফলভোগি ও সরকারি/বেসরকারি সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের আয়বর্ধনমূলক কর্মকান্ড, উদ্বুদ্ধকরণ, দক্ষতা উন্নয়ন ও স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

বাপার্ড একটি নবসৃষ্ট প্রতিষ্ঠান। এর কর্মকর্তা-কর্মচারীর অনেকগুলো পদ শূন্য রয়েছে। অবকাঠামো ও জনবলের কারণে সুষ্ঠুভাবে প্রশিক্ষণ প্রদানের সুযোগ-সুবিধাদির সীমাবদ্ধতা রয়েছে। সম্প্রসারিত অবকাঠামো নির্মাণ কার্যক্রম সম্পন্ন ও জনবল নিয়োগ না হওয়া পর্যন্ত পরিপূর্ণভাবে কার্যক্রম শুরু করা সম্ভব হচ্ছে না। সীমিত অবকাঠামো ও জনবল দিয়ে প্রত্যাশানুযায়ী সেবা প্রদান চ্যালেঞ্জ হিসাবে গণ্য।